

## যানজট-মুক্ত পরিবহণে কলকাতায় রোপওয়ে ?

আজকালের প্রতিবেদন: যানজট-মুক্ত পরিবহণে শহরে নন-লিনিয়ার রোপওয়ে 'কারভো' আসতে চলেছে। এই পরিকল্পনার পেছনে রয়েছে রোপওয়ে সার্ভিস প্রাইভেট লিমিটেড। প্রথম পর্যায়ে শিয়ালদা থেকে বি বা দী বাগ পর্যন্ত এই প্রকল্প চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দূরত্ব প্রায় তিন কিলোমিটার। সংস্থার এম ডি শিখর চক্রবর্তী সাংবাদিকদের জানান, রাজ্য সরকারের সঙ্গে এ বিষয়ে কথা হয়েছে। আমাদের এই প্রকল্প সরকারের ভাল লেগেছে। ৫০ কোটি টাকার প্রাথমিক প্রোজেক্ট রিপোর্ট পূর্ত ও নগরমোয়নমন্ত্রী ফিরহাদ হাকিমের কাছে জমা পড়েছে। শিখরবাবু জানান, আমাদের এই চিন্তাভাবনাকে গুরুত্ব দিয়েছেন মন্ত্রী। তিনি আমাদের সম্পূর্ণ প্রোজেক্ট রিপোর্ট জমা দিতে বলেছেন। আমরা চাইছি শহরের রাস্তা যানজট-মুক্ত হোক। রোপওয়ে দূষণ-মুক্ত যাতায়াত ব্যবস্থা। শহরবাসী নিরাপদে এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যাতায়াত করতে পারবেন। মন্ত্রী চাইছেন একই ধরনের প্রোজেক্ট নেওয়া হোক বি বা দী বাগ এবং বিধাননগরে। সংস্থার ডিরেক্টর রচনা মুখার্জি জানান, শিয়ালদা এবং বি বা দী বাগের মধ্যে রোপওয়ে সার্ভিসে দুটি স্টেশন থাকবে। সরকার ছাড়পত্র দিলে খুব শিগগির এই প্রকল্প রূপায়ণ করা হবে। রোপওয়ের মধ্যে এসি এবং নন-এসি ব্যবস্থাও থাকবে। বসতে পারবেন ৮ থেকে ১০ জন। উন্নত প্রযুক্তির এই পরিবহণ-ব্যবস্থা শহরবাসীকে যাতায়াতের নতুন দিগন্ত দেখাবে বলে মন্তব্য করেন রচনা মুখার্জি।